দৈনিক
আমাদের সময়

তারিখ ০6 SEP 2017
পৃষ্ঠা ১২ কলাম ১

# ভিসি নিয়োগে আইনের ব্যত্যয় হয়নি : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ●

রাষ্ট্রপতি তার আইনি ক্ষমতাবলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য নিয়োগ দিয়েছেন। এ নিয়োগে আইনের কোনো ব্যত্যয় হয়নি বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

গতকাল শিক্ষা মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, মহামান্য রাষ্ট্রপতি সব বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর।' সেই হিসেবে তিনি ভিসি, প্রোভিসি, ট্রেজারার নিয়োগ দেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদ শূন্য হয়ে যায় গত ২৪ অগাস্ট। এটি চার বছরের জন্য নিয়োগ দেওয়া হয়। সেই পদে নিয়োগ দেওয়ার ক্ষমতা রাষ্ট্রপতির। অধ্যাপক আখতারুজ্জামানকে নিয়োগের আদেশে এরপর পৃষ্ঠা ৯, কলাম ৬

## ভিসি নিয়োগে

(শেষ পৃষ্ঠার পর) সাময়িকভাবে নিয়োগের কথা বলে যেসব শর্ত উল্লেখ করা হয়েছে, সে বিষয়ে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলে মন্ত্রী বলেন, একজন সহকারীকে সাময়িক দায়িত্ব দিলে যেমন তাকে ভারপ্রাপ্ত বলা হয়, অধ্যাপক আখতারুজ্জামানের নিয়োগ তেমন নয়।"এটি ফরম্যাটের মতো।

আরেফিন সিদ্দিক যখন প্রথম দফায় সাময়িকভাবে উপাচার্য হলেন, তখন ওই শর্তগুলোই লেখা ছিল। সাময়িক নিয়োগ হলেও চার বছরের জন্য নিয়োগ দেওয়ার সময় যেসব শর্ত থাকে, নতুন নিয়োগের ক্ষেত্রেও তা-ই আছে।